DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 03:12 PM

সারাদেশ

# ভাঙা কালভার্টে দেড় বছর ধরে অচল কোটি টাকার সড়ক

প্রতিবেদক: নরসিংদী প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



নরসিংদীর বেলাব উপজেলায় একটি ভাঙা কালভার্টের কারণে প্রায় কোটি টাকা ব্যয়ে নির্মিত সড়কটি দেড় বছর ধরে যান চলাচলের অনুপযোগী হয়ে পড়ে আছে। দীর্ঘদিনেও কালভার্টটি সংস্কার বা নতুন করে নির্মাণ না হওয়ায় চরম দুর্ভোগ পোহাচ্ছেন স্থানীয় বাসিন্দারা। যানবাহন চলাচল না থাকায় সড়কের বিভিন্ন অংশে জন্মেছে ঘাস-লতাপাতা।

উপজেলার চর উজিলাব ইউনিয়নের দেওয়ানেরচর গ্রামের এ ঘটনায় স্থানীয় কৃষক, ব্যবসায়ী, শিক্ষার্থীসহ সাধারণ মানুষকে বিকল্প পথে চলাচল করতে হচ্ছে। এতে কৃষিপণ্য পরিবহন ও বাজারজাত করতে তাঁদের বাড়তি সময় ও অর্থ ব্যয় হচ্ছে।

স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে জানা গেছে, দেওয়ানেরচর ঈদগাহ মাঠ সড়ক থেকে বারৈচা-বেলাব সড়ক পর্যন্ত ৮৮৫ মিটার সড়ক নির্মাণ করে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)। ২০২৪ সালের শেষ দিকে একটি প্রকল্পের আওতায় সড়কটির নির্মাণকাজ শেষ হয়।

বেলাব উপজেলা এলজিইডি কার্যালয় সূত্রে জানা গেছে, ২০২৪ সালে উপজেলার বিভিন্ন স্থানে মোট ২ হাজার ৫৭৫ মিটার সড়ক নির্মাণের একটি প্যাকেজের আওতায় দেওয়ানেরচর গ্রামের ৮৮৫ মিটার সড়কটি নির্মাণ করা হয়। এতে ব্যয় হয়েছে প্রায় ১ কোটি ৩ লাখ টাকা।

স্থানীয়দের অভিযোগ, সড়ক নির্মাণের মাত্র চার মাসের মধ্যে দেওয়ানেরচর ঈদগাহ মাঠের পাশে থাকা পুরোনো একটি কালভার্ট ভেঙে যায়। এরপর থেকে কালভার্টটি সংস্কার কিংবা নতুন করে নির্মাণের কার্যকর কোনো উদ্যোগ দেখা যায়নি। দেখতে দেখতে প্রায় দেড় বছর পেরিয়ে গেলেও এখনো কালভার্টটি চলাচলের উপযোগী হয়নি।

কালভার্টটি ভেঙে যাওয়ায় সড়কের একাংশে যান চলাচল প্রায় বন্ধ রয়েছে। ফলে স্থানীয় বাসিন্দাদের দীর্ঘ পথ ঘুরে বিকল্প সড়ক ব্যবহার করতে হচ্ছে। বিশেষ করে কৃষকদের উৎপাদিত পণ্য বাজারে নেওয়া এবং ব্যবসায়ীদের মালামাল পরিবহনে বাড়তি ভোগান্তি ও খরচ হচ্ছে।

স্থানীয় বাসিন্দারা বলেন, বিপুল অর্থ ব্যয়ে নতুন সড়ক নির্মাণের পর সেটি দীর্ঘদিন যান চলাচলের অনুপযোগী হয়ে পড়ে থাকা দুঃখজনক। দ্রুত কালভার্টটি নির্মাণ করা হলে সড়কটি সচল হওয়ার পাশাপাশি এলাকার মানুষের দীর্ঘদিনের দুর্ভোগও কমবে।

এলাকাবাসীর দাবি, জনসাধারণের চলাচলের বিষয়টি বিবেচনায় নিয়ে দ্রুত ভাঙা কালভার্টটি সংস্কার অথবা নতুন করে নির্মাণ করা হোক। একই সঙ্গে প্রায় কোটি টাকা ব্যয়ে নির্মিত সড়কটি পুরোপুরি সচল করার উদ্যোগ নেওয়া হোক।

এ বিষয়ে বেলাব উপজেলা এলজিইডির উপসহকারী প্রকৌশলী লোকমান হোসাইন বলেন, “বিষয়টি আমরা অবগত আছি। কালভার্ট নির্মাণের জন্য প্রস্তাব পাঠানো হয়েছে। আশা করি, খুব দ্রুত কালভার্টের কাজ করতে পারব।”

তবে দীর্ঘদিন ধরে পড়ে থাকা কালভার্টটি কবে নাগাদ নির্মাণ হবে এবং প্রায় কোটি টাকা ব্যয়ে নির্মিত সড়কটি কবে পুরোপুরি সচল হবে—এখন সেটিই স্থানীয়দের প্রধান প্রশ্ন।

---

## এ বিভাগের আরও খবর



**আশুগঞ্জে রুমিন ফারহানাকে অবাঞ্ছিত ঘোষণা, বিএনপির ঝাড়ু মিছিল**
জাতীয় সংসদে বিএনপির সমালোচনা করে দেওয়া বক্তব্যের প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার...




**সাতক্ষীরায় সড়ক দুর্ঘটনায় পথচারীর মৃত্যু**
সাতক্ষীরায় যাত্রীবাহী বাসের ধাক্কায় আব্দুল মাজেদ (৬০) নামে এক পথচারী নিহত হয়েছেন। আজ রোববার সকাল সাড়ে ১০টার দিকে সাতক্ষীরা-খুলনা মহাসড়কে...



**পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার**
কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...




**ব্রাহ্মণবাড়িয়ায় কনসার্ট ইস্যুতে সমঝোতা, মানতে হবে যে শর্ত**
ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ উপলক্ষে কনসার্ট আয়োজনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের অবসান হয়েছে। শনিবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় ব্রাহ্মণ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/bhanga-kalbharte-der-bchhr-dhre-ochl-koti-takar-srk